গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-২
প্রশাসন শাখা-৮
www.mohpw.gov.bd

## নগর উন্নয়ন অধিদপ্তরের রিসার্চ ফেলোশিপ নীতিমালা, ২০২৫

নম্বর- ২৫.০০.০০০০.০০০.১৩১.২২.০০১৭.২৫- ৮৫৫ তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

### ১. প্রস্তাবনা:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নগর উন্নয়ন অধিদপ্তর জাতীয় স্থানিক পরিকল্পনা প্রণয়নকারী একটি সরকারি সংস্থা। স্থানিক পরিকল্পনাকারী সংস্থা হিসেবে শহর ও গ্রাম অঞ্চলের স্ট্রাকচার প্ল্যান, আরবান ও রুরাল এরিয়া প্ল্যান এবং একশন এরিয়া প্ল্যান প্রণয়নের পাশাপাশি গবেষণার মাধ্যমে সরকারকে নগরায়ন ও নগর এলাকার ভূমির সুষ্ঠু ব্যবহার বিষয়ে পরামর্শ প্রদান করে। এ প্রেক্ষিতে তরুণ গবেষকদের মেধা-মনন কাজে লাগিয়ে স্থানিক পরিকল্পনা সংশ্লিষ্ট গবেষণা করার লক্ষ্যে "নগর উন্নয়ন অধিদপ্তরের রিসার্চ ফেলোশিপ নীতিমালা- ২০২৫" প্রণয়ন করা হলো।

### ২. সংজ্ঞা:

২.১ "নগর উন্নয়ন অধিদপ্তর" নগর উন্নয়ন অধিদপ্তর বলতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন নগর উন্নয়ন অধিদপ্তরকে বুঝাবে।

২.২ "ফেলোশিপ" বলতে নগর উন্নয়ন অধিদপ্তরের "রিসার্চ ফেলোশিপ" বুঝাবে।

২.৩ "রিসার্চ ফেলো" বলতে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য গবেষণার জন্য মনোনীত রিসার্চ এসোসিয়েট ও জুনিয়র রিসার্চ এসোসিয়েট বুঝাবে।

২.৪ "নীতিমালা" বলতে এই নীতিমালার অধীন সকল নীতিকে বুঝাবে।

২.৫ "গবেষণা" বলতে নগর উন্নয়ন অধিদপ্তরের অনুমোদিত রাজস্ব বাজেটের পরিচালন ব্যয়ের আওতায় সম্পাদিতব্য গবেষণা/ আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কার্যক্রমকে বুঝাবে।

২.৬ "সুপারভাইজার" বলতে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট গবেষণা তত্ত্বাবধানের উদ্দেশ্যে নিয়োজিত দপ্তরের প্রথম শ্রেণীর কর্মকর্তাকে বুঝাবে।

২.৭ "কর্তৃপক্ষ" বলতে নগর উন্নয়ন অধিদপ্তরকে বুঝাবে।

**৩. ফেলোশিপের উদ্দেশ্য:**

৩.১ গবেষণার মাধ্যমে স্থানিক পরিকল্পনা সম্পর্কে সকলকে অবগত করা এবং ভবিষ্যৎ স্থানিক পরিকল্পনা প্রণয়নের জন্য দক্ষ জনবল গড়ে তোলা।

৩.২ বাংলাদেশের স্থানিক পরিকল্পনা সংক্রান্ত গবেষণা খাতকে সমৃদ্ধ করা।

৩.৩ গবেষণালব্ধ তথ্য, উপাত্ত ও ফলাফল দিয়ে সরকারকে সহযোগিতা করা।

৩.৪ তরুণ গবেষকদের মেধা-মনন কাজে লাগিয়ে গবেষণালব্ধ ফলাফল/সুপারিশসমূহ বাস্তবায়নের মাধ্যমে দপ্তরের সেবামান ও দক্ষতা বৃদ্ধি করা।

৩.৫ শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষকদের মাঝে উন্নতমানের স্থানিক পরিকল্পনা সংক্রান্ত গবেষণা ও উচ্চশিক্ষার আগ্রহ জাগিয়ে তোলা।

**৪. ফেলোশিপ এর ক্যাটাগরি:**

এই ফেলোশিপ ২টি ক্যাটাগরিতে বিভক্ত-

৪.১ রিসার্চ এসোসিয়েট

৪.২ জুনিয়র রিসার্চ এসোসিয়েট

**৫. ফেলোশিপ এর সংখ্যা:**

প্রতি অর্থবছরে নিম্নবর্ণিত সংখ্যক **ফেলোশিপ প্রদান করা হবে-**

৫.১ রিসার্চ এসোসিয়েট: **সর্বোচ্চ ১০** জন

৫.২ জুনিয়র রিসার্চ এসোসিয়েট: **সর্বোচ্চ ১০**জন

৫.৩ কর্তৃপক্ষ প্রয়োজনে ফেলোশিপ এর সংখ্যা হ্রাস-বৃদ্ধি **করতে** পারবে।

**৬. ফেলোশিপ এর বিষয় বা ক্ষেত্রসমূহ:**

৬.১ গবেষণার বিষয় বা ক্ষেত্রসমূহ হবে সরকারের **উন্নয়ন পরিকল্পনা সম্পর্কিত। যা নিম্নরূপঃ**

i. Spatial planning
ii. Human settlement and development.
iii. Housing and urban development.
iv. Existing land use and land use change.
v. Rural and regional development.
vi. Infrastructure development planning.
vii. Impact of climate change and adaptation.
viii. Traffic and transportation system and management.
ix. Urban poverty.
x. Sustainable urban planning.

xi. Conservation of heritage and culture in urban planning.
xii. Urban design and conservation.
xiii. Site and area planning
xiv. Planning of utility & municipal services.
xv. Planning of tourism & recreational facilities.
xvi. Landscape planning and design.
xvii. Disaster risk reduction and development planning.
xviii. Impact analysis of previous research/project.
xix. Urban policy and public affairs
Any other topics related to urban/rural and regional planning.

৬.২. কর্তৃপক্ষ প্রয়োজন অনুসারে বিষয়সমূহ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

**৭. ফেলোশিপ এর সময়সীমা/মেয়াদ:**

৭.১ উভয় প্রকার ফেলোশিপ সাধারণত ৬-১০ মাস সময়ের জন্য প্রযোজ্য হবে। তবে গবেষণার ধরন ও দপ্তরের চাহিদা অনুযায়ী সুপারভাইজার কর্তৃক মতামত/সুপারিশ প্রদান সাপেক্ষে ফেলোশিপের সময়সীমা/মেয়াদকাল হ্রাস-বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে অতিরিক্ত সময়ের জন্য গবেষক অতিরিক্ত ভাতা প্রাপ্য হবেন না।

**৮. ফেলোশিপের জন্য আবেদনের পদ্ধতিঃ**

৮.১ কর্তৃপক্ষ প্রতি বছর ফেলোশিপ প্রদানের জন্য কমপক্ষে ২টি পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজি) বিজ্ঞাপনের মাধ্যমে আবেদনপত্র আহবান করবে। একইসাথে ফেলোশিপ আহবানের বিজ্ঞপ্তিটি ইউজিসি ও সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরণসহ নগর উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে (www.udd.gov.bd) আপলোড করা হবে এবং আবেদন ফরম নগর উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট (www.udd.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

৮.২ আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ (ছবিসহ জীবন বৃত্তান্ত (বায়োডাটা), প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ, থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্মের অনুলিপি /স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাত্রত্ব সনদ এবং গবেষণা সম্পর্কিত বিবৃতি) ডাকযোগে পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে।

**৯. ফেলো বাছাই পদ্ধতি:**

৯.১ আবেদনকারীদের মধ্য হতে উপযুক্ত রিসার্চ ফেলো বাছাইয়ের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত একটি বাছাই কমিটি থাকবে।

৯.২ ফেলো নির্বাচনের ক্ষেত্রে বাছাই কমিটি নির্ধারিত যোগ্যতার পাশাপাশি নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে-

- বাংলা ও ইংরেজিতে লিখন ও বাচনিক দক্ষতা (Written and verbal skills in Bengali and English)
- দলগতভাবে কাজ করার দক্ষতা (Ability to work in team environment)
- যোগাযোগ ও আন্ত:ব্যক্তিক দক্ষতা (Communication and intrapersonal skills)
- বিশ্লেষণী দক্ষতা (Analytical skills)
- কারিগরি দক্ষতা (Technical skills)
- বিষয় সংশ্লিষ্ট প্রযুক্তিগত দক্ষতা (Subject related Technological skills)

৯.৩ বাছাই কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রার্থীগণ ফেলোশিপ প্রাপ্য হবেন।

৯.৪ ফেলোশিপ বাছাই কমিটি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১। | উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর | সভাপতি |
| ২। | প্রতিনিধি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | প্রতিনিধি, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট | সদস্য |
| ৪। | সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৫। | প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৬। | রিসার্চ অফিসার-১, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৭। | রিসার্চ অফিসার-২, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

## ১০. ফেলোশিপ এর অগ্রগতি/ ফেলোশিপ কর্মসূচির ব্যবস্থাপনাঃ

১০.১ ফেলোশিপের শুরুতেই রিসার্চ এসোসিয়েট ও জুনিয়র রিসার্চ এসোসিয়েট সংশ্লিষ্ট গবেষণার বিষয়বস্তুর রূপরেখা ও গবেষণাকাল সম্বলিত একটি ওয়ার্কপ্ল্যান জমা দিবে।

১০.২ প্রতি মাসে বা নির্ধারিত সময়ে রিসার্চ ফেলো সংশ্লিষ্ট সুপারভাইজারের মন্তব্যসহ ওয়ার্কপ্ল্যান অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন।

১০.৩ গবেষণা সম্পন্ন করার পর ফেলোশিপ মূল্যায়ন কমিটির নিকট গবেষণালব্ধ ফলাফলের উপর একটি Powerpoint Presentation করতে হবে।

১০.৪ অর্থবছর সমাপ্তিতে বা গবেষণা সম্পন্ন করার পর একটি চূড়ান্ত প্রতিবেদনের হার্ড কপি ও সফট কপি দাখিল করতে হবে। বাংলা এবং ইংলিশ উভয় ভাষায় চূড়ান্ত প্রতিবেদনের সামারি শিট দাখিল করতে হবে।

১০.৫ গবেষণালব্ধ ফলাফলের উপর নগর উন্নয়ন অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়- এর স্বত্তাধিকার থাকবে।

১০.৬ ফেলোশিপ মূল্যায়ন কমিটি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১। | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | সভাপতি/ আহবায়ক |
| ২। | প্রতিনিধি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | প্রতিনিধি, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৪। | প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৫। | প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬। | প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর | সদস্য |
| ৭। | প্রতিনিধি, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৮। | প্রতিনিধি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স | সদস্য |
| ৯। | উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

**১১. ফেলোশিপ স্থগিত/বাতিল:**

১১.১ অসন্তোষজনক আচরণ।

১১.২ গবেষণাকর্মের অসন্তোষজনক অগ্রগতি

১১.৩ ফেলো পরবর্তী সময়ে অযোগ্য বিবেচিত হলে

১১.৪ গবেষণা ফান্ডের অপ্রতুলতা

১১.৫ কর্তৃপক্ষ যে কোন পরিস্থিতিতে ফেলোশিপ স্থগিত/বাতিলের পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

**১২. ফেলোশিপের ধরণ:** অস্থায়ী ও চুক্তিভিত্তিক।

**১৩. কর্মস্থল:** কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বাংলাদেশের যেকোন স্থান।

**১৪. ফেলোশিপের ভাতা:**

১৪.১ প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত সকল ফেলো প্রতি মাসে নির্ধারিত হারে ভাতা প্রাপ্য হবেন।

ক) রিসার্চ এসোসিয়েট: সর্বসাকুল্যে ৪০,০০০/-( চল্লিশ হাজার) টাকা।

খ) জুনিয়র রিসার্চ এসোসিয়েট: সর্বসাকুল্যে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা।

১৪.২ সন্তোষজনক গবেষণা অগ্রগতি প্রতিবেদন জমাদান সাপেক্ষে মাসিক ভাতা প্রাপ্য হবেন।

১৪.৩ গবেষণা সংশ্লিষ্ট সকল ব্যয় গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে।

**১৫. আবেদনকারীর যোগ্যতা:**

**ক) রিসার্চ এসোসিয়েট**

১. আবেদনকারীর ন্যূনতম বয়স: ২৪ বছর।

২. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় হতে (নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা/সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পপুলেশন সাইন্স/লোক প্রশাসন/ভূগোল/পরিবেশ

বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/ পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন/নৃ-বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।

৩. ফেলোশিপের জন্য আবেদনকৃত বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে।

৪. গবেষণা কর্মে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে।

৫. কমপক্ষে একটি মানসম্মত থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্ম থাকতে হবে।

৬. আবেদনপত্রের সাথে নিম্নবর্নিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবে-

- ছবিসহ জীবন বৃত্তান্ত (বায়োডাটা)
- প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ
- থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্মের অনুলিপি
- গবেষণা সম্পর্কিত বিবৃতি (সর্বোচ্চ ১০০০ শব্দ)

**খ) জুনিয়র রিসার্চ এসোসিয়েট:**

১. আবেদনকারীর ন্যূনতম বয়স: ২০ বছর।

২. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় হতে (নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা/সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পপুলেশন সাইন্স/লোক প্রশাসন/ভূগোল/পরিবেশ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/ পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন/নৃ-বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ন্যূনতম স্নাতক পর্যায়ে অধ্যয়নরত হতে হবে।

৩. গবেষণাকর্মের বিষয়ে প্রাথমিক ধারণা থাকতে হবে।

৪. আবেদনপত্রের সাথে নিম্নবর্নিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবে-

- ছবিসহ জীবন বৃত্তান্ত (বায়োডাটা)
- প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ
- স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাত্রত্ব সনদ ও নিজ বিভাগের সুপারিশ পত্র দাখিল করবে।
- গবেষণা সম্পর্কিত বিবৃতি (সর্বোচ্চ ১০০০ শব্দ)

**১৬. বিবিধ:**

১৬.১ ফেলোশিপের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ফেলোশিপ পরিত্যাগ করলে/ চূড়ান্ত প্রতিবেদন জমা না দিলে অথবা ফেলোশিপ সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলতে ব্যর্থ হলে ফেলোশিপ বাবদ ব্যয়কৃত সমুদয় অর্থ কর্তৃপক্ষকে ফেরত দিতে হবে। ফেলোশিপ প্রদানের সময় রিসার্চ ফেলো নগর উন্নয়ন অধিদপ্তরের নিকট অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৬.২ সুপারভাইজারকে গবেষণাকর্মটি নিবিড় পর্যবেক্ষণ করতে হবে।
১৬.৩ দুই বা ততোধিক প্রার্থী দলগতভাবে গবেষণা করতে পারবে। এক্ষেত্রে সকল ফেলো পদ অনুযায়ী নির্ধারিত হারে ভাতা প্রাপ্য হবেন।

১৬.৪ সন্তোষজনক চূড়ান্ত প্রতিবেদন সম্পন্ন করার পর রিসার্চ ফেলোকে নগর উন্নয়ন অধিদপ্তর থেকে একটি অভিজ্ঞতা সনদ প্রদান করা হবে।

১৬.৫ গবেষণা কর্ম সন্তোষজনকভাবে সম্পাদনের প্রেক্ষিতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃপক্ষের নিকট থেকে সুপারিশ পত্র (recommendation letter) প্রদান করা হবে।

১৬.৬ নগর উন্নয়ন অধিদপ্তরের আর্থিক অনুদানে সম্পাদিত গবেষণা কর্মের ফলাফল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট গবেষককে নগর উন্নয়ন অধিদপ্তর-কে অবহিত করতে হবে এবং সকল প্রকাশনার ক্ষেত্রে নগর উন্নয়ন অধিদপ্তরের আর্থিক অনুদানের কথা উল্লেখ থাকতে হবে।

১৬.৭ গবেষকের গবেষণালব্ধ ফলাফল, প্রবন্ধ হিসেবে ইম্প্যাক্ট ফ্যক্টর/ইনডেক্সড জার্নালে (হাই ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নাল/কিউ-১/কিউ-২/ কিউ-৩/ কিউ-৪/ স্কোপাস ইনডেক্স জার্নালে) প্রকাশের ক্ষেত্রে বিবেচনা করা যেতে পারে।

**১৭. অস্পষ্টতা:**

ক) নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যে কোন পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংশোধনের ক্ষমতা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপর ন্যাস্ত থাকবে;

খ) এতদ্ব্যতীত এই নীতিমালার কোন অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোন পরিস্থিতির উদ্ভব হলে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

গ) এই নীতিমালার আওতায় ফেলোশিপ প্রদানের বিষয়ে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ নজরুল ইসলাম
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নম্বর- ২৫.০০.০০০০.০০০.১৩১.২২.০০১৭.২৫- ৮৫৫

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০২। সিনিয়র সচিব/সচিব,................................মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৮। উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

০৯। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১১। অফিস কপি/মাস্টার কপি।

২৫/১১/২০২৫

মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোনঃ ৫৫১০০৭৫৮
adminsection8@mohpw.gov.bd